গুপ্ত সংগঠনের অপচেষ্টার প্রতিবাদে মেহেরপুরে ছাত্রদলের বিক্ষোভ মিছিল

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর জেলা ছাত্রদল বিক্ষোভ মিছিলের আয়োজন করে। দীর্ঘদিন ধরে গোপন তৎপরতায় অভ্যস্ত একটি গুপ্ত সংগঠন কর্তৃক জনমনে আতঙ্ক সৃষ্টি, শিক্ষাপ্রতিষ্ঠানে সুষ্ঠু পরিবেশ বিনষ্ট এবং সারাদেশে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির প্রতিবাদে এ কর্মসূচি পালন করা হয়।

জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লবের নেতৃত্বে বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করেন জেলা ছাত্রদলের সহ-সভাপতি জুয়েল রানা, মেহেরপুর পৌর ছাত্রদলের সদস্য সচিব জারজীস ইউসুফ রমিক, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফাহিম আহনাফ লিংকন, গাংনী উপজেলা ছাত্রদলের সদস্য সচিব রিপন হোসেন, গাংনী পৌর ছাত্রদলের সদস্য সচিব শিশির আহমেদ শাকিলসহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ।

ছাত্রদলের নেতারা অভিযোগ করেন, একটি স্বার্থান্বেষী মহল শিক্ষাঙ্গনে অস্থিরতা সৃষ্টির মাধ্যমে শিক্ষার্থীদের ভবিষ্যৎ ধ্বংসের পাঁয়তারা চালাচ্ছে। তারা এই ষড়যন্ত্রের বিরুদ্ধে ছাত্রসমাজকে ঐক্যবদ্ধ হয়ে রুখে দাঁড়ানোর আহ্বান জানান।